স্নায়ুতে চাপ	স্নায়ুমূলে হাড়ের চাপ; বুক ও উর্ধ্ববাহুতে ব্যথা।
পিত্তপাথুরি	পিত্তথলিতে পাথর হলে বুক, পিঠ ও উদরের উপরের অংশে ব্যথা।
দুশ্চিন্তা ও আতঙ্কগ্রস্ত	দুশ্চিন্তা, অবসন্নতা ও আতঙ্কগ্রস্ত হলে কয়েক মিনিট থেকে কয়েকদিন বৃকে ব্যথা; ঘন ঘন শ্বাস-প্রশ্বাস, মাথা বিমবিম করা, হতবুদ্ধি হওয়া।

(Ref: আজমল স্যার, আলীম স্যার, মাজেদা ম্যাডাম)

প্রধান হৃদরোগ সম্পর্কিত তথ্য:

হৃদরোগ	লক্ষণ	ওষুধ
অ্যানজাইনা বা হৃদশূল: হৃদপেশি যখন O ₂ সমৃদ্ধ পর্যাপ্ত রক্ত সরবরাহ পায় না তখন বুক নিম্পেশিত হচ্ছে বা দম বন্ধ হয়ে আসছে এমন মারাত্মক অস্বস্তি অনুভূত হয় তখন এ ধরনের বুক ব্যাথাকে অ্যানজাইনা বলে। ৯০-৯৯% বৃক হলে → অস্থির অ্যানজাইনা হয়। অ্যানজাইনা তিন প্রকার: সুস্থিত, অস্থিত ও প্রিনজমেটাল।	<ul style="list-style-type: none"> বৃকে ব্যথা (৫-৩০ মিনিট স্থায়ী হয়) ব্যথা গলা, কাঁধ, চোয়াল, বাহু, পিঠ, দাঁতে ছড়িয়ে পরে বৃকে জ্বালাপোড়া হজমে গন্ডগোল ও বমি বমি ভাব 	বিশ্রাম নিলে বা জিহ্বার নিচে গ্লিসারাইল ট্রাইনাইট্রেট (Glycerol trinitrate-GTN) স্প্রে করলে বা ওষুধ খেলে ব্যথা কমে। এই ধরনের ওষুধের ফলে করোনারি ধমনির প্রসারণ ঘটে এবং রক্তপ্রবাহ স্বাভাবিক হয়।
হার্ট অ্যাটাক বা মায়োকার্ডিয়াল ইনফ্রাকশন: পর্যাপ্ত O ₂ সমৃদ্ধ রক্ত সরবরাহের অভাবে কার্ডিয়াকে পেশির ধ্বংস বা মরে যাওয়াকে হার্ট অ্যাটাক বলে।	<ul style="list-style-type: none"> বৃকে অস্বস্তি উর্ধ্বাঙ্গের অন্যান্য অংশে অস্বস্তি ঘনঘন নিঃশ্বাস প্রশ্বাস বমি বমি ভাব ঘুমে ব্যাঘাত 	জিহ্বার নিচে নাইট্রোগ্লিসারিন স্প্রে দুই চাপ দিতে হবে বা ১টি গ্লিসারাইল ট্রাইনাইট্রেট ট্যাবলেট দিতে হবে। এছাড়া ৭৫ মি. গ্রাম ৪টি অ্যাসপিরিন ট্যাবলেট গুলিয়ে রোগীকে খাওয়াতে হবে।
হার্ট ফেইলিউর: হৃদপিণ্ড যখন দেহের চাহিদামত পর্যাপ্ত রক্তের যোগান দিতে পারে না তখন এ অবস্থাকে হার্ট ফেইলিউর বলে।	<ul style="list-style-type: none"> শ্বাসকষ্ট শরীরের বিভিন্ন জায়গার টিস্যুতে তরল জমে ফুলে ওঠে পাকস্থলি সবসময় ভরা মনে হয় হৃৎস্পন্দন দ্রুত হয় 	<p>➤ হৃদরোগের প্রচলিত ওষুধ:</p> <ul style="list-style-type: none"> প্রথমত ব্যথা কমানোর ওষুধ: নাইট্রোগ্লিসারিন। দ্বিতীয়ত রক্তজমাটবদ্ধতা রোধের জন্য: অ্যান্টিথ্রোম্বোটিক (অ্যাসপিরিন, ক্লোপিডগ্রেলে)। তৃতীয়ত রক্তে কোলেস্টেরল মাত্রা কমানোর ওষুধ: স্ট্যাটিন, ফাইব্রেট।

ITEM 03 পেসমেকার সম্পর্কিত তথ্য


হৃদপিণ্ডে ডান অ্যাট্রিয়াম-প্রাচীরের উপর দিকে অবস্থিত, বিশেষায়িত কার্ডিয়াক পেশিগুচ্ছে গঠিত ও স্বয়ংক্রিয় স্নায়ুতন্ত্রে নিয়ন্ত্রিত একটি ছোট অংশ যা বৈদ্যুতিক তরঙ্গ প্রবাহ ছড়িয়ে দিয়ে হৃৎস্পন্দন সৃষ্টি করে এবং স্পন্দনের ছন্দময়তা বজায় রাখে তাকে পেসমেকার বলে।

কৃত্রিম পেসমেকার:

- এটি লিথিয়াম ব্যাটারি দ্বারা চালিত (সক্রিয় রাখতে ১৫ মিনিটে ১-৫ ওয়াট বিদ্যুৎ দরকার)
- এর মেয়াদ ৭-১০ বছর
- William Chardack এবং Wilson Great batch 1969 সালে দেহে স্থাপনযোগ্য পেসমেকার আবিষ্কার করেন।

গঠন:

- একটি লিথিয়াম ব্যাটারি, ii. কম্পিউটারাইজড জেনারেটর, iii. শীর্ষে সেগরযুক্ত তার।
- প্রকার:
- এক প্রকোষ্ঠ পেসমেকার: তার বা লিড জেনারেটর থেকে শুধু ডান অ্যাট্রিয়াম অথবা ডান ভেন্ট্রিকলে বিদ্যুৎ তরঙ্গ বহন করে।
 - দ্বিপ্রকোষ্ঠ পেসমেকার: ডান অ্যাট্রিয়ামে ও ডান ভেন্ট্রিকলে বিদ্যুৎ তরঙ্গ পরিবহন করে।
 - ত্রিপ্রকোষ্ঠ পেসমেকার: বাম অ্যাট্রিয়াম ব্যতীত অন্যান্য অংশে বিদ্যুৎ তরঙ্গ পরিবহন করে।



(Ref: আজমল স্যার)

ITEM 04 ওপেন হার্ট সার্জারি ও বাইপাস সার্জারি

➤ ওপেন হার্ট সার্জারি: শল্য চিকিৎসক যখন রোগীর বুক কেটে উন্মুক্ত করে হৃৎপিণ্ডে অস্ত্রোপচার সম্পন্ন করেন তখন সে প্রক্রিয়াকে ওপেন হার্ট সার্জারি বলে।

Dr. Wilfred G. Bigelow 1950 সালে সর্বপ্রথম ওপেন হার্ট সার্জারি প্রয়োগ করেন।

ওপেন হার্ট সার্জারীর প্রকারভেদ:

i. অন পাম্প সার্জারী:

- এটি হচ্ছে প্রচলিত পদ্ধতি।
- এইখানে সাময়িকভাবে কার্ডিওপালমোনারী বাইপাস মেশিন দিয়ে হৃদপিণ্ডের কাজ করা হয়।
- অনপাম্প সার্জারী, কার্ডিও পালমোনারী নামেও পরিচিত।

ii. বিটিং হার্টঅফ পাম্প সার্জারী/ বিটিং হার্ট: অফ পাম্প সার্জারীতে হৃদ-ফুসফুস মেশিন ব্যবহৃত হয় না।

iii. রোবট-সহযোগী সার্জারী: রোবট সহযোগী সার্জারীতে কম্পিউটার নিয়ন্ত্রিত রোবট হাত দিয়ে কাজ করা হয়। এই সার্জারী অত্যন্ত সূক্ষ্ম ও সঠিক হয়।

➤ বাইপাস সার্জারি: এক বা একাধিক করোনারি ধমনির লুমেন (গহ্বর) রুদ্ধ হয়ে গেলে হৃৎপিণ্ডে রক্ত সরবরাহ অব্যাহত রাখতে অস্ত্রোপচারের মাধ্যমে দেহের অন্য অংশ থেকে যেমন- পা থেকে) একটি সুস্থ রক্তবাহিকা (ধমনী বা শিরা) কেটে এনে রুদ্ধ ধমনির পাশে স্থাপন করে রক্ত সরবরাহের যে বিকল্প পথ সৃষ্টি করা হয় তাকে করোনারি বাইপাস বলে। করোনারি বাইপাস সৃষ্টির সামগ্রিক অস্ত্রোপচার প্রক্রিয়াটিকে করোনারি বাইপাস সার্জারি বলা হয়।

- যখন করোনারি ধমনির লুমেন ৫০-৭০% সংকীর্ণ হয় তখন থেকেই O₂ সমৃদ্ধ রক্তের প্রবাহ হৃৎপেশিতে কমে যায়। বৃককে ব্যথা অনুভূত হয়।
- ধমনির লুমেন যদি ৯০-৯৯% সংকীর্ণ হয়ে যায় তখন অস্থির অ্যানজাইনা ত্বরান্বিত হয়।


(Ref: আজমল স্যার)

ITEM 05 এনজিওপ্লাস্টি

বড় ধরনের অস্ত্রোপচার না করে হৃৎপিণ্ডের সংকীর্ণ লুমেনযুক্ত বা রুদ্ধ হয়ে যাওয়া করোনারি ধমনী পুনরায় প্রশস্ত লুমেনযুক্ত বা উন্মুক্ত করার পদ্ধতিকে এনজিওপ্লাস্টি বলে। ১৯৭৭ খ্রিস্টাব্দে জার্মান কার্ডিওলজিস্ট ডা. অ্যানড্রেস গ্র্যেনজিগ সর্বপ্রথম এ পদ্ধতি প্রয়োগ করেন।

➤ এনজিওপ্লাস্টির প্রকারভেদ:

- বেলুন এনজিওপ্লাস্টি/এনজিওগ্রাম
- লেজার এনজিওপ্লাস্টি
- করোনারি অ্যাথেরেকটমি
- করোনারি স্টেনটিং (সবচেয়ে বেশি ব্যবহৃত হয়)



(Ref: আজমল স্যার, আলীম স্যার)

ITEM 06 হৃৎরোগের বিভিন্ন পরীক্ষা ও যন্ত্রাদি

পরীক্ষার নাম	ব্যবহার
X-ray	হৃৎপিণ্ডের অবস্থা জানার জন্য
ইসিজি	হৃৎপিণ্ডের প্রাথমিক ভাবে রোগ নির্ণয়
ইটিটি ও ইকোকার্ডিওগ্রাম	হৃৎপিণ্ডের অবস্থা বা কার্যক্ষমতা জানার জন্য
রক্তের BNP	হার্ট ফেইলিউর সম্পর্কে নিশ্চিত হওয়া।
করোনারি এনজিওগ্রাম (ঝুকিপূর্ণ ও ব্যয়বহুল)	হৃৎপিণ্ডের রক্তনালীতে কোনো ব্লক আছে কিনা দেখা হয়
MRI	হৃৎপিণ্ডের পেশীর অবস্থা জানার জন্যে
কার্ডিয়াক এনজাইমস (ট্রোপোনিন সিকে এম বি)	রোগীর হার্ট অ্যাটাক আছে কি না।
Troponion-I	হার্ট অ্যাটাক নিশ্চিত হওয়া যায়।

(Ref: আজমল স্যার, আলীম স্যার, মাজেদ ম্যাডাম)

SAQ Short Ans Question

WRITTEN SUGGESTION

BAQ Broad Ans Question

◆ কৃত্রিম পেসমেকার এর গঠন লিখ?

উত্তর: একটি লিথিয়াম ব্যাটারি, কম্পিউটারাইজড জেনারেটর ও শীর্ষে সেসরযুক্ত কতকগুলো তার নিয়ে একটি পেসমেকার গঠিত। সেসরগুলোকে ইলেকট্রোড বলে।

◆ এনজিওপ্লাস্টি বলতে কী বুঝ ও এর প্রকার ভেদ লিখ?

উত্তর: বড় ধরনের অস্ত্রোপচার না করে হৃৎপিণ্ডের সংকীর্ণ লুমেন (গহ্বর)-যুক্ত বা রুদ্ধ হয়ে যাওয়া করোনারি ধমনী পুনরায় প্রশস্ত লুমেনযুক্ত বা উন্মুক্ত করার পদ্ধতিকে এনজিওপ্লাস্টি বলে। এনজিওপ্লাস্টি ৪ ধরনের: বেলুন এনজিওপ্লাস্টি, লেজার এনজিওপ্লাস্টি, অ্যাথেরেকটমি ও করোনারি স্টেনটিং।

◆ হৃৎরোগ চিকিৎসার ব্যবহৃত পরীক্ষা গুলোর নাম লিখ?

উত্তর: [উপরের অংশের আলোচনা থেকে দেখে নাও]

◆ রক্তচাপ কী?

উত্তর: রক্ত রক্তবাহিকার মধ্য দিয়ে প্রবাহিত হওয়ার সময় রক্তবাহিকার প্রাচীরে (প্রধানত ধমনির প্রাচীরে) যে পারস্পরিক চাপ প্রয়োগ করে তাকে রক্তচাপ বলে। [ঢা. বো. ২০১৯] পূর্ণ বয়স্ক সুস্থ মানুষের দেহের স্বাভাবিক রক্তচাপ 120/80 mm Hg।

◆ ব্যারোরিসেপ্টর কাকে বলে?

উত্তর: রক্তনালির প্রাচীরে বিদ্যমান কতগুলো সংবেদী স্নায়ুপ্রান্ত, যা রক্তচাপ পরিবর্তনে বিশেষভাবে সাড়া দেয়, সেই স্নায়ুপ্রান্তকে ব্যারোরিসেপ্টর বলে। [রা. বো. ২০১৯]

◆ অ্যানজাইনা কী?

উত্তর: হৃৎপেশি যখন O₂ সমৃদ্ধ পর্যাপ্ত রক্ত সরবরাহ পায় না তখন বুক নিশ্চেষ্ট হতে পারে বা দম বন্ধ হয়ে আসে এমন মারাত্মক অস্বস্তি অনুভূত হলে সে ধরনের বুক ব্যথা কে অ্যানজাইনা বা অ্যানজাইনা পেকটোরিস। [কু. বো. ২০১৯]



REAL TEST



ANALYSIS OF PREVIOUS YEAR QUESTIONS

**STEP 02** ANALYSIS OF JU QUESTION

01. করোনাবীর ধমনীর লুমেন কতটুকু সংকীর্ণ হলে হৃৎপেশিতে O₂ সমৃদ্ধ রক্তের প্রবাহ কমে বৃদ্ধি বা অণুভূত হয়? [JU:D;Set-I,18-19]
A. ১০-১৫% B. ২০-২৫% C. ৩০-৩৫% D. ৫০-৭০% [Ans D]
02. কোন রিসেপ্টর রক্তচাপ নিয়ন্ত্রণে সাড়া দেয়? [JU: D ; Set : 07, 17-18]
A. কেমোরিসেপ্টর B. থার্মোরিসেপ্টর
C. ব্যারোরিসেপ্টর D. ব্যারোরিসেপ্টর [Ans C]
03. হৃৎপিণ্ডের যুক্ত বা রুদ্ধ হয়ে যাওয়া করোনাবীর ধমনী পুনরায় প্রশস্ত বা উন্মুক্ত করার পদ্ধতিকে কী বলে? [JU: D;Set: 03, 17-18]
A. ওপেন হার্ট সার্জারি B. বাইপাস সার্জারি
C. এনজিওপ্লাস্টিক D. ইসিজি [Ans C]
04. রক্ত সরবরাহের বিকল্প পথ সৃষ্টি করা হয় কোন চিকিৎসার মাধ্যমে? [JU: D, 16-17]
A. বাইপাস সার্জারি B. পেসমেকার
C. এনজিওপ্লাস্টিক D. ওপেন হার্ট সার্জারি [Ans A]
05. মানবদেহের হৃৎপিণ্ডের অস্বাভাবিক স্পন্দনকে কি বলে? [JU:D.16-17]
A. ম্যালোরিয়া B. অ্যারিথমিয়া
C. অ্যানজাইনা D. কন্সট্রাক্টাইটিস [Ans B]

STEP 03 ANALYSIS OF RU QUESTION

01. পেসমেকার সেন্সরগুলোকে কী বলা হয়? [RU:SG-1,18-19]
A. এ্যানোড B. ক্যাথোড C. ইলেকট্রোড D. ফ্রয়ড [Ans C]
02. রক্তচাপ বাড়ানোর প্রধান এজেন্ট কোনটি? [RU.17-18]
A. রেনিন B. অ্যালডোস্টেরন
C. অ্যানজিওটেনসিন D. ADH [Ans A]
03. করোনাবীর হার্ট ডিজিজ এর আওতাভুক্ত রোগ নয় কোনটি? [RU: G2, 17-18]
A. এনজাইনা পেকটোরিস B. পেপিলিওডিমা
C. মায়োকার্ডিয়াল ইনফার্কশন D. আনস্টেবল এনজাইনা [Ans B]
04. কোন রোগের চিকিৎসায় অ্যাসিপিরিন ব্যবহার করা হয়? [RU: C, 15-16]
A. মানসিক রোগ B. ক্যান্সার C. হৃদরোগ D. জন্ডিস [Ans C]
05. রক্তচাপ মাপার যন্ত্রের নাম কি? [RU.14-15; JUST.12-13; JnU. 10-11]
A. মাইক্রোমিটার B. ভিসকোমিটার
C. ন্যানোমিটার D. স্ফিগমোম্যানোমিটার [Ans D]

STEP 04 ANALYSIS OF CU QUESTION

01. হৃৎপেশিতে অপর্যাপ্ত অক্সিজেন সরবরাহের ফলে সৃষ্ট বৃদ্ধি বা অণুভূত হলে- [CU. 19-20]
A. হার্ট অ্যাটাক B. হার্ট ফেইলিউর C. অ্যানজাইনা D. আর্টারিওস্কেলারোসিস [Ans C] Why
• হার্ট অ্যাটাক: রক্ত জমাট বাঁধার কারণে করোনাবীর ধমনীর লুমেন বন্ধ হয়ে যায়, ফলে পুষ্টি ও অক্সিজেন সমৃদ্ধ রক্তসরবরাহ বন্ধ হয়ে যায়, যার কারণে হৃৎপেশি ধ্বংস হয়, একে হার্ট অ্যাটাক বলে।
• হার্ট ফেইলিউর: হৃৎপিণ্ড যখন দেহের চাহিদা অনুযায়ী পর্যাপ্ত রক্তের যোগান দিতে পারে না তখন এ অবস্থাকে হার্ট ফেইলিউর বলে।
• আর্টারিওস্কেলারোসিস: ধমনীর অন্তঃস্থপ্রাচীরে উচ্চ মাত্রার কোলেস্টেরল জাতীয় হলদে চর্বি পদার্থ জমা হয়। এর এসব পদার্থে তন্তু পুঞ্জীভূত হয়ে শক্ত হতে শুরু করে এবং চুনময় পদার্থে পরিণত হয়, একে আর্টারিওস্কেলারোসিস বলে।
02. Sphygmomanometer যন্ত্রটি কিসের পরিমাপে ব্যবহৃত হয়? [CU. 11-12]
A. চক্ষু পরীক্ষায় B. তাপমাত্রা
C. রক্তচাপ D. শ্বাসকার্য E. রক্ত-গ্লুকোজ [Ans C]

STEP 06 ANALYSIS OF GST QUESTION**PART (A)** Analysis of General University Question

CoU

01. ওপেন হার্ট সার্জারি কত প্রকারে করা যায়? [CoU: A. 19-20]
A. ৩ প্রকারে B. ৪ প্রকারে C. ৫ প্রকারে D. ৬ প্রকারে [Ans B] Why
ওপেন হার্ট সার্জারি ৪ প্রকার। ১. অন-পাম্প সার্জারি, ২. অফ-পাম্প সার্জারি ৩. মিনিমালি ইনভেসিভ সার্জারি ৪. রোবট-সহযোগী সার্জারি।

IU

01. হৃদযন্ত্রের রোগ নির্ণয়ে প্রাথমিক পরীক্ষা- [IU.19-20]
A. এনজিওগ্রাম B. লিপিড প্রোফাইল C. ইসিজি D. ইটিটি [Ans C] Why
হৃদযন্ত্রের রোগ নির্ণয় :
• বুকের x-ray করানোর মাধ্যমে হৃৎপিণ্ডের অবস্থা জানা যায়।
• ইসিজি হৃদপিণ্ডের প্রাথমিক রোগ নির্ণয়ে সাহায্য করে।
• ইটিটি এর সাহায্যে হৃৎপিণ্ডের অবস্থা ও কার্যক্ষমতা ভালোভাবে জানা যায়।
• রক্তের পরীক্ষার মাধ্যমে হার্ট ফেইলিউর সম্পর্কে নিশ্চিত হওয়া যায়।
• করোনাবীর এনজিওগ্রাম এর সাহায্যে হৃৎপিণ্ডের রক্তনালিতে কোনো ব্লক আছে কিনা তা দেখা হয়।
• হৃৎপিণ্ডের পেশির অবস্থা জানা যায় MRI পরীক্ষার মাধ্যমে।
• উচ্চ রক্তচাপ, রক্তে শর্করা ও চর্বি পরিমাণ নির্ণয়ের পরীক্ষা করে হৃদরোগ সম্পর্কে ধারণা পাওয়া যায়।

PART (B) Analysis of Science & Technology Question

JUST

01. ব্যাকটেরিয়ার সংক্রমণে হৃৎপিণ্ডের কোন রোগটি হয়ে থাকে? [JUST: Unit-B, 19-20]
A. এন্ডোকার্ডাইটিস B. প্লুরাইটিস C. পিন্ডপাথরি D. নিউমোনিয়া [Ans A] Why
ব্যাকটেরিয়া ও ছত্রাকের সংক্রমণে হৃৎপিণ্ডে এন্ডোকার্ডাইটিস রোগ হয়।

BSMRSTU

01. কত সালে দেহে স্থাপন যোগ্য পেসমেকার আবিষ্কৃত হয়? [BSMRSTU:H, 18-19]
A. ১৯৬১ B. ১৯৬৯ C. ১৯৭৩ D. ১৯৮৯ [Ans A] Why
১৯৫৮ সালে প্রথম পেসমেকার আবিষ্কার করেন উইলসন গ্রেটব্যচ তবে ১৯৬০ সালে সর্বপ্রথম মানুষের শরীরে পেসমেকার স্থাপন করা হয়।

STEP 07 ANALYSIS OF MEDICAL & DENTAL QUESTION

MAT

01. হৃদ-ফুসফুস যন্ত্র (Heart-Lung machine) কোন কাজে ব্যবহৃত হয়? [MAT .17-18]
A. অ্যানজিওপ্লাস্টিকে B. হৃদপিণ্ডের বাইপাস সার্জারিতে
C. রক্তচাপ নিয়ন্ত্রণ করতে D. পেসমেকার বসাতে [Ans B]
02. হৃদযন্ত্রের রোগ নির্ণয়ে প্রাথমিক পরীক্ষা কোনটি? [MAT.16-17]
A. এনজিওগ্রাম B. লিপিড প্রোফাইল C. ইসিজি D. ইটিটি [Ans C]
03. কৃত্রিম পেসমেকার যন্ত্রে কোন ব্যাটারি ব্যবহার করা হয়? [MAT .16-17]
A. Ni-Cd ব্যাটারি B. Li ব্যাটারি
C. Li আয়ন ব্যাটারি D. শুষ্ক (Dry cell) ব্যাটারি [Ans B]
04. নিম্নের কোনটি করোনাবীর হার্ট ডিজিজের অন্তর্ভুক্ত নয়? [MAT .08-09]
A. এনজাইনা পেকটোরিস B. মায়োকার্ডিয়াল ইনফার্কশন
C. আনস্টেবল এনজাইনা D. স্ট্রোক [Ans D]

DAT

01. নিম্নের কোনটি সঠিক? [DAT. 06-07]
A. স্ট্রোক হচ্ছে রক্তচাপজনিত কেন্দ্রীয়শ্বাসযন্ত্রের জটিলতা
B. বেসোফিল অ্যান্টিবডি উৎপন্ন করে
C. রক্তের প্রায় ৪৫% তরল প্লাজমা
D. লোহিত রক্তকণিকা রক্তের তরলতা রক্ষা করে [Ans A]

STEP 08 ANALYSIS OF HSC BOARD QUESTION

Dinajpur Board

01. অ্যাথেরোস্লেটোস প্রাচীর (Plaque) এর আধিক্যের প্রভাবে কোনটি হয়? [দি. বো. ২০১৯]
A. রক্ত প্রবাহ দ্রুততর হয় B. রক্ত প্রবাহ কমে যায়
C. ধমনী পথ সংকীর্ণ হয় D. মস্তিষ্কে রক্তক্ষরণ হয় [Ans C]

Barisal Board

01. বুকের ব্যাথা ঘাড়, চোয়াল ও বাম বাহুতে ছড়িয়ে পড়ে কখন? [ব. বো. ২০১৭]
A. নিউমোনিয়া B. গ্লুরিসি C. অ্যানজাইনা D. পেরিকার্ডাইটিস [Ans C]


◀ CONCEPT ▶ 05 লসিকা (Lymph) সম্পর্কিত তথ্য

রক্তের কিছু উপাদান কৈশিকজালিকার প্রাচীর ভেদ করে কোষের চারপাশে > লসিকা সংবহনতন্ত্র:
অবস্থান করে। এ উপাদানগুলোকে সম্মিলিতভাবে লসিকা বলে।

> বৈশিষ্ট্য:

- ঈষৎ ক্ষারধর্মী, স্বচ্ছ, সাদা বা হালকা হলুদ বর্ণের তরল পদার্থ
- P^H : 7.4-9
- আপেক্ষিক গুরুত্ব: 1.01-1.016 বা 1.0151
- মানুষের দেহে লসিকার পরিমাণ ৪-৮ লিটার।
- ক্ষুধার্ত অবস্থায় লসিকাতে ফ্যাটের পরিমাণ কম থাকে
- লসিকাগ্রন্থি যান্ত্রিক ছাঁকনি হিসেবে কাজ করে এবং লিম্ফোসাইট নামক শ্বেতকণিকা সৃষ্টি করে
- মানবদেহের ঘাড়, বগলে ও কুঁচকিতে অধিক সংখ্যক লসিকা গ্রন্থি থাকে

> লসিকার উপাদান:



> বিভিন্ন লসিকা গ্রন্থি সম্পর্কিত তথ্য:

- লিম্ফনোড:** লিম্ফনোড হচ্ছে লসিকা বাহিকায় অবস্থিত ক্যাপসুলের মতো অংশ। এগুলো শ্বেত রক্তকণিকা বিশেষ করে ম্যাক্রোফেজ ও লিম্ফোসাইটে পূর্ণ থাকে এবং লসিকা থেকে অণুজীব ও বহিরাগত পদার্থ অপসারণ করে।
- টনসিল:** মানবদেহে তিন ধরনের টনসিল রয়েছে- প্যালেটাইন, অ্যাডেনয়েড (বা ফ্যারিজিয়াল) ও লিঙ্গুয়াল টনসিল। আমরা সাধারণভাবে টনসিল বলতে প্রধানত প্যালেটাইন টনসিলকে বুঝি। মুখবিবরের পিছনে অর্থাৎ গলার প্রান্তে দুপাশে উৎপত্ত করে ডিম্বাকার, কোমল টিস্যুনির্মিত, ছোট ছোট গর্তযুক্ত ও ফ্যাকাসে লালচে রঙ্গের মিউকোসায় আবৃত লিম্ফ অঙ্গকে টনসিল বলে। অনেক সময় অণুজীব (ভাইরাস, ব্যাকটেরিয়া প্রভৃতি) দমন করতে গিয়ে টনসিল নিজেই আক্রান্ত হয় কিংবা অতিরিক্ত ময়লায় ছিদ্রগুলো বন্ধ হলে টনসিলে সৃষ্ট প্রদাহকে টনসিলাইটিস বলে। অপারেশন করে টনসিল অপসারণকে টনসিলেকটমি বলে।
- গ্লীহা বা পীলা:** পাকস্থলির পিছনে উদরীয় গহ্বরবরের উর্ধ্ব বাঁ পাশে মধ্যচ্ছদার ঠিক নিচে অবস্থিত হালকা বেগুনি রংয়ের ডিম্বাকার ও ১৭০ গ্রাম ওজনবিশিষ্ট অঙ্গটি গ্লীহা। এটি দু ধরনের গ্লীহামজ্জা নিয়ে গঠিত-একটি লাল, অন্যটি সাদা মজ্জা। সমগ্র গড়নটি অপেক্ষাকৃত পাতলা বহিঃস্থ ক্যাপসুলে আবৃত থাকে। গ্লীহাকে রক্তের রিজার্ভার বা ব্লাড ব্যাংক বলা হয়। লোহিত রক্তকণিকার কবরস্থান বলা হয়।
- থাইমাস:** বক্ষগহ্বরে শ্বাসনালি ও উরুফলকের মাঝে হৃৎপিণ্ডের উপরে অবস্থিত পিরামিড আকৃতির নরম, দ্বিখন্ডিত লিম্ফয়েড অঙ্গের নাম থাইমাস। শিশুদেহে এটি বড় ও সক্রিয় থাকে। এ সময় থাইমাস থেকে দু ধরনের হরমোন ক্ষরিত হয়: থাইমোসিন ও থাইমোপোয়েটিন।
- লাল অস্থিমজ্জা:** লাল অস্থিমজ্জা হচ্ছে বিভিন্ন অস্থির ভিতর অবস্থিত স্পঞ্জের মতো, অর্ধকঠিন ও লাল টিস্যু। লাল অস্থিমজ্জা থেকে লোহিত ও শ্বেত রক্তকণিকা এবং প্লেটলেট উৎপন্ন হয়। এখানে স্টেমকোষ আজীবন বিভক্ত হয়ে লিম্ফোসাইটসহ সবধরনের রক্তকণিকা সৃষ্টি হয়। প্রতিরক্ষা কোষগুলো রক্তপ্রবাহে মুক্ত হয়ে নির্দিষ্ট অঙ্গে ও টিস্যুতে পরিবাহী হয়ে পরিণত হয়। শিশুদেহের অধিকাংশ হাড় লাল অস্থিমজ্জা পাওয়া যায়। প্রাপ্তবয়স্কে এ মজ্জার অবস্থান সীমিত হয়ে পড়ে কেবল নিতম্বের পেলভিস, মেরুদণ্ডের কশেরুকা, স্টার্নাম বা উরুফলক, কেরোট, ক্ল্যাভিকল বা কর্ণাছি, পশুকা এবং হিউমেরাস ও ফিমারের উর্ধ্বপ্রান্তে। এসব অস্থির নির্দিষ্ট অংশ ছাড়া বাকি অংশ ফ্যাটটিস্যুতে পরিণত হয়।

> লসিকার কাজ-

- কলার উন্মুক্ত স্থান থেকে অধিকাংশ প্রোটিন লসিকার মাধ্যমে রক্তে ফিরে আসে, যদি পুনরুদ্ধার না হতো মানুষ ২৪ ঘণ্টার মধ্যেই মারা যেত।
- উচ্চ আণবিক ওজনবিশিষ্ট পদার্থ, ফ্যাট কণা, যারা কৈশিকনালীর বাধা অতিক্রমে অক্ষম, তারা লসিকার মাধ্যমে পরিবাহিত হয়ে থাকে।
- দেহের যে সকল কলাকোষে রক্ত পৌঁছাতে অক্ষম, লসিকা সেখানে পুষ্টি, অক্সিজেন ইত্যাদি সরবরাহ করে।
- লসিকাস্থিত লিম্ফোসাইট ও মনোসাইট দেহের রোগ প্রতিরক্ষায় সাহায্য করে।
- লিম্ফোসাইট থেকে উৎপন্ন এন্টিবডি দেহের প্রতিরোধ ক্ষমতা বৃদ্ধি করে।
- কলা থেকে কলারসের প্রায় ১০% অংশ লসিকার দ্বারা অপসৃত হয়ে থাকে।

রক্তের BNP
দ্বারা কী নির্ণয়
করা হয়...??



➤ রক্ত ও লসিকার তুলনা:

রক্ত	লসিকার
লাল বর্ণের পরিবহন টিস্যু	সামান্য হলুদ বর্ণের পরিবহন টিস্যু
রক্তনালিতে সুনির্দিষ্ট চাপে প্রবাহিত হয়	লসিকানালিতে চাপহীন প্রবাহিত হয়
প্লাজমা, লোহিত রক্তকণিকা, শ্বেত রক্তকণিকা এবং অণুচক্রিকা নিয়ে গঠিত	প্লাজমা ও শ্বেত রক্তকণিকা নিয়ে গঠিত
হিমোগ্লোবিন উপস্থিত	হিমোগ্লোবিন অনুপস্থিত
বেশি পরিমাণ প্রোটিন, ক্যালসিয়াম ও ফসফরাসযুক্ত	অল্প পরিমাণ প্রোটিন, ক্যালসিয়াম ও ফসফরাসযুক্ত
রক্তের মাধ্যমে শ্বসন গ্যাস ও খাদ্যকণা (শর্করা ও আমিষ) পরিবাহিত হয়	লসিকার মাধ্যমে বর্জ্য পদার্থ ও খাদ্যকণা (চর্বি) পরিবাহিত হয়

(Ref: আজমল স্যার, আলীম স্যার, মাজেদ ম্যাডাম)

SAQ
Short Ans Question

WRITTEN SUGGESTION

BAQ
Broad Ans Question

❖ কাইল কী?

উত্তর: চর্বিযুক্ত খাবার খেলে লসিকায় ফ্যাটির পরিমাণ বেড়ে যায় এবং লসিকা দুধের মতো সাদা দেখায় এ ধরনের লসিকাকে কাইল বলে।

❖ রক্ত ও লসিকার মধ্যে পার্থক্য লিখ?

উত্তর: মানুষের রক্ত ও লসিকা-এর মধ্যে পার্থক্য:

পার্থক্যের বিষয়	রক্ত	লসিকা
বর্ণ	লাল বর্ণের	বর্ণহীন বা হালকা হলুদ
কণিকা	লোহিত কণিকা, শ্বেতকণিকা এবং অণুচক্রিকা থাকে	কেবল লিম্ফোসাইট নামক শ্বেতকণিকা থাকে
হিমোগ্লোবিন	উপস্থিত	অনুপস্থিত
ফাইব্রিনোজেন	রক্তে অধিক পরিমাণে থাকে	লসিকায় কম পরিমাণে থাকে
পরিবহন	রক্তবাহের মাধ্যমে সংবাহিত হয়	লসিকাবাহের মাধ্যমে সংবাহিত হয়
যোগাযোগ	রক্তের সাথে কলাকোষের সরাসরি যোগাযোগ থাকে না	লসিকার সাথে কলাকোষের সরাসরি যোগাযোগ থাকে
প্রোটিন	লসিকা অপেক্ষা বেশি	রক্ত অপেক্ষা অনেক কম
কাজ	রক্তের মাধ্যমে শ্বসন গ্যাস ও খাদ্যকণা (শর্করা ও আমিষ) পরিবাহিত হয়	লসিকার মাধ্যমে বর্জ্য পদার্থ ও খাদ্যসার (লিপিড) পরিবাহিত হয়



REAL TEST



ANALYSIS OF PREVIOUS YEAR QUESTIONS



STEP 03 ANALYSIS OF RU QUESTION

01. লসিকায় সাধারণত কি থাকে না? [RU.11-12; IU.16-17]

- A. পানি B. অণুচক্রিকা
C. কার্বোহাইড্রেট D. সোডিয়াম ক্লোরাইড

Ans B

STEP 06 ANALYSIS OF GST QUESTION

PART A Analysis of General University Question

IU

01. কাইল এক ধরণের- [IU. 19-20; JU:D,17-18]

- A. লসিকা B. হরমোন C. ম্যাগ্নিভল D. ফাইব্রিনোজেন

Ans A Why চর্বিযুক্ত খাবার খেলে লসিকায় ফ্যাটির পরিমাণ বেড়ে যায় এবং লসিকা দুধের মতো সাদা দেখায়। এ ধরনের লসিকাকে কাইল (Chyle) বলে। তবে সাধারণত এর পরিমাণ মোট কঠিন অংশের প্রায় ৫-১৫%।

PART B Analysis of Science & Technology Question

SUST

01. দেহের যেসব স্থানে রক্ত পৌঁছাতে পারে না সেখানে অক্সিজেন ও খাদ্যরস প্রদানকারী হলুদ বর্ণের তরল পদার্থটিকে কি বলা হয়? [SUST. 10-11]

- A. লসিকা B. মাতৃকা C. হৃদপেশি D. তরুনাঙ্ঘি

Ans A

PUST

01. কোনটি অঙ্গতন্ত্র নয়? [PUST. 12-13]

- A. পরিপাক B. প্রজনন C. এডোক্রিন D. লিফ

Ans D

STEP 07 ANALYSIS OF MEDICAL & DENTAL QUESTION

MAT

01. নিম্নের কোনটি সঠিক নয়? [MAT. 09-10]

- A. লসিকা দেহের কিছু কিছু স্থানে রক্তের পরিবর্তন হিসাবে কাজ করে
B. শিরায় রক্তচাপ কম থাকে
C. কার্ডিয়াক চক্রের সময়কাল, হৃদপিণ্ডের স্পন্দনের সমানুপাতিক
D. কৌশিক জালক থেকে শিরার উৎপত্তি

Ans A

02. নিম্নের কোন তথ্যটি লসিকাতন্ত্র সম্পর্কে সত্য নয়? [MAT. 08-09]

- A. প্রকৃতপক্ষে লসিকা এ ধরনের পরিবর্তিত কলারস
B. কলা থেকে কলারসের প্রায় 10 শতাংশ লসিকা দ্বারা অপসৃত হয়
C. লসিকায় অনেক অণুচক্রিকা থাকে
D. লসিকাতন্ত্র অ্যান্টিবডি তৈরি করে

Ans C

03. লসিকা সম্বন্ধে কোনটি সঠিক নয়? [MAT. 06-07]

- A. লোহিত কণিকা থাকে না B. লসিকা নালীতে চলাচল করে
C. লসিকা স্বচ্ছ D. লসিকাতে অণুচক্রিকা আছে

Ans D

04. লসিকার আপেক্ষিক গুরুত্ব- [MAT. 03-04]

- A. ১.০১২ B. ১.০১৩ C. ১.০১৪ D. ১.০১৫

Ans D

05. লসিকা সম্পর্কে কোন উক্তিটি সঠিক নয়? [MAT. 97-98]

- A. লসিকা সবসময়ই বর্ণহীন।
B. এটি রক্তনালী ও কোষ প্রাচীরের মাঝামাঝি অংশে অবস্থান করে।
C. লসিকাতে রক্ত প্রোটিন বিদ্যমান।
D. লসিকা নালীতে রূপাটিকা বিদ্যমান।

Ans D

06. জমাটবদ্ধ রক্তের জলীয় অংশকে কি বলে? [DAT. 02-03; MAT. 89-90]

- A. রক্তরস B. শ্বেত রক্তকণিকা
C. মৃত রক্তকণিকা D. রক্তের সিরাম

Ans D

DAT

01. লসিকায় নিম্নোক্ত কোন কঠিন পদার্থ থাকে না? [DAT. 03-04]

- A. ম্যাগনেসিয়াম B. প্রোটিন
C. ফসফরাস D. নাইট্রোজেনযুক্ত পদার্থ

Ans A

STEP 08 ANALYSIS OF HSC BOARD QUESTION

Chattogram Board

01. কোন উপাদান টি লসিকায় অনুপস্থিত? [চ.বো-২০২১]

- A. ক্রিয়োটিন B. অ্যান্টিবডি
C. অণুচক্রিকা D. লিম্ফোসাইট

Ans C

এক নজরে কিছুক্ষণ

V.V.I DATA AT A GLANCE

মনে রাখ সারাক্ষণ

- ♦ প্রতি মিনিটে ৫ লিটার রক্ত হৃৎপিণ্ড থেকে 'পাম্প আউট' হয়।
- ♦ Angiotensin নামক হরমোন রক্তচাপ নিয়ন্ত্রণে ভূমিকা রাখে।
- ♦ সব ধমনি O₂ সমৃদ্ধ রক্ত পরিবহন করলেও ফুসফুসীয় ধমনি বা পালমোনারি ধমনি O₂ বিহীন রক্ত অর্থাৎ CO₂ সমৃদ্ধ রক্ত পরিবহণ করে।
- ♦ সব শিরা O₂ বিহীন বা CO₂ সমৃদ্ধ রক্ত বহন করলেও পালমোনারি শিরা O₂ সমৃদ্ধ রক্ত বহন করে।
- ♦ থ্রম্বোসিস: রক্তবাহিকাগুলোর মধ্যে রক্তের জমাট বাঁধানো।
- ♦ স্ট্রোক: রক্ত জমাট বাঁধা বা রক্তবাহিকা বিদীর্ণ হওয়ার কারণে মস্তিষ্কের অংশবিশেষে রক্ত সরবরাহ কমে সৃষ্ট হৃদরোগ।
- ♦ শরীরে হিমোগ্লোবিনের অভাব হলে রক্তশূন্যতা বা অ্যানিমিয়া দেখা দেয়।
- ♦ অধিক চর্বিযুক্ত খাবার খেলে লসিকাতে ফ্যাটের পরিমাণ বেড়ে যায় এবং লসিকাকে দুধের সাদা দেখায়। এ ধরনের লসিকাকে কাইল বলে।
- ♦ বাইকাসপিড ও ট্রাইকাসপিড কপাটিকা সজোরে বন্ধ হওয়ার সময় যে শব্দ হয় তা হলো Lub।
- ♦ সেমিনুলার কপাটিকা বন্ধ হয়ে যাওয়ার সময় যে শব্দ হয় তা হলো Dub।
- ♦ রক্ত সংবহনতন্ত্রের অন্যতম একটি উপাদান হবে রক্ত। সামান্য ক্ষারীয় লাল বর্ণের এ তরল যোজক কলা রক্তরস (Plasma) ও রক্তকণিকা (Blood Corpuscles) এর সমন্বয়ে গঠিত।
- ♦ রক্তের ৪৫% অংশ হলো রক্তকণিকা এবং বাকি ৫৫% রক্তরস।
- ♦ ভূগীয় অবস্থায় যকৃত, প্লীহা ও থাইমাস থেকে লোহিত রক্তকণিকা সৃষ্টি হয়।
- ♦ মানুষের লোহিত কণিকার গড় আয়ু ১২০ দিন বা ৪ মাস।
- ♦ লোহিত কণিকা রক্তের সান্দ্রতা (Viscosity) রক্ষা করে এবং এর প্লাজমামেমব্রন-এ যেসব অ্যান্টিজেন প্রোটিন সংযুক্ত থাকে তা মানুষের ব্লাডগ্রুপিং-এর জন্য দায়ী।
- ♦ লোহিত ও শ্বেত রক্তকণিকার অনুপাত ৫০০:১।
- ♦ আকৃতি ও গঠনগতভাবে শ্বেত রক্তকণিকাকে প্রধানত দুভাগে ভাগ করা যায়, যথা : অদানাদার বা অ্যাগ্রানুলোসাইট (Agranulocytes) এবং দানাদার বা গ্রানুলোসাইট (Granulocytes)।
- ♦ প্রতি ঘনমিলিলিটার লসিকায় প্রায় ৫০০-৭৫০০০ লিম্ফোসাইট রয়েছে।
- ♦ কলা হতে কলারসের প্রায় ১০% অংশ লসিকা দ্বারা নিষ্কাশিত হয়।
- ♦ রক্তরসে অবস্থিত ১৩টি Factor রক্ততঞ্চনে অংশ নেয়।

- ♦ হৃৎপিণ্ড একটি পাতলা দ্বিতরী আবরণ দিয়ে আবৃত। একে পেরিকার্ডিয়াম (Pericardium) বলে।
- ♦ হৃৎপিণ্ডের প্রাচীর এক বিশেষ ধরনের অনৈচ্ছিক পেশি হৃদপেশি (Cardiac muscle) দ্বারা গঠিত।
- ♦ হৃদপেশির কোনো স্থানে অপরিপূর্ণ রক্ত সরবরাহের জন্য হৃৎটিস্যুর কোষসমূহ ক্ষতিগ্রস্ত বা নষ্ট হলে অথবা মারা গেলে হার্ট অ্যাটার্ক হয়।
- ♦ লৌহ যকৃতে ফেরিটিন হিসেবে জমা থাকে।
- ♦ রক্তের রং লাল হয়- হিমোগ্লোবিনের কারণে।
- ♦ উটের (স্তন্যপায়ী) লোহিত রক্তকণিকায়- নিউক্লিয়াস থাকে।
- ♦ লোহিত রক্তকণিকা বা এরিথ্রোসাইট ধ্বংস হয়- যকৃৎ ও প্লীহায়।
- ♦ লোহিত রক্তকণিকা তৈরির প্রক্রিয়াকে বলা হয়- এরিথ্রোপোয়েসিস।
- ♦ সুস্থ দেহে প্রতি ১০০ মিলিলিটার রক্তে হিমোগ্লোবিন থাকে- প্রায় ১৫-১৬ গ্রাম।
- ♦ প্রতিটি লোহিত রক্তকণিকায় হিমোগ্লোবিন থাকে- ২৯ পিকোগ্রাম।
- ♦ রক্তনালির সংকোচন ঘটিয়ে রক্তপাত হ্রাস করে- সেরোটোনি।
- ♦ দেহের সম্মুখ অঞ্চল থেকে CO₂ যুক্ত রক্ত সংগ্রহ করে- উর্ধ্ব মহাশিরা (superior venacava)।
- ♦ দেহের পশ্চাৎ অঞ্চল থেকে CO₂ যুক্ত রক্ত সংগ্রহ করে- নিম্ন মহাশিরা (inferior venacava)।
- ♦ বাইকাসপিড বা মাইট্রাল কপাটিকার অবস্থান- বাম অলিন্দ ও বাম নিলয়ের মাঝে।
- ♦ সঠিক ক্রম- SAN → AVN → বাডল অব হিজ → পারকিনজি তন্ত্র।
- ♦ মানুষের রক্তচাপ নির্ণয়ের যন্ত্রের নাম- স্ফিগমোম্যানোমিটার।
- ♦ উচ্চ রক্তচাপের কারণে হৃদযন্ত্রে কোন জটিলতা দেখা যায়- ইস্কেমিক হার্ট ডিজিজ।
- ♦ হৃৎপিণ্ডের বিল্লির প্রদাহকে বলা হয়- পেরিকার্ডাইটিস।
- ♦ করোনারি ধমনির মধ্যে রক্ত প্রবাহ বৃদ্ধির জন্য দেওয়া হয়- নাইট্রোগ্লিসেরিন।
- ♦ একই সাথে শরীরে রক্তে অক্সিজেনের ঘনত্ব ও হৃৎস্পন্দনের পরিমাপক যন্ত্রের নাম- পালস অক্সিমিটার।
- ♦ হিমোগ্লোবিন কোন ধরনের প্রোটিন- মেটালোপ্রোটিন।
- ♦ ডান অলিন্দ ও ডান নিলয়ের সংযোগস্থলে ট্রাইকাসপিড কপাটিকা থাকে।
- ♦ বাম অলিন্দ ও বাম নিলয়ের সংযোগস্থলে বাইকাসপিড বা মাইট্রাল কপাটিকা থাকে।

সকল পাঠ্যবইয়ের প্রশ্ন

NCTB QUESTIONS ANALYSIS

সঠিক সমাধান

- হেপারিন থাকে শ্বেত কণিকার কোন অংশে? [Ref: আজমল স্যার]
A. নিউট্রোফিল B. বেসোফিল C. লিম্ফোসাইট D. ইউসিনোফিল [Ans B]
- নিচের কোনটির প্রাচীর সবচেয়ে পুরু? [Ref: আজমল স্যার]
A. বাম নিলয় B. বাম অলিন্দ C. ডান নিলয় D. ডান অলিন্দ [Ans A]
- SAN কোন কপাটিকার পিছনে অবস্থিত? [Ref: আজমল স্যার]
A. সেমিনুলার কপাটিকা B. বাইকাসপিড
C. ট্রাইকাসপিড D. ইউস্টেশিয়ান কপাটিকা [Ans C]
- আণুবীক্ষণ সৈনিক বলা হয় কোনটিকে? [Ref: আজমল স্যার]
A. নিউট্রোফিল B. ইউসিনোফিল C. অণুচক্রিকা D. লিম্ফোসাইট [Ans D]
- হৃৎপিণ্ডের পেসমেকার বলা হয় কোনটিকে? [Ref: আজমল স্যার]
A. বাডল অব হিজ B. পারকিনজি তন্ত্র C. SAN D. AVN [Ans C]
- রক্তরসের অজৈব উপাদান কোনটি? [Ref: আজমল স্যার]
A. অ্যালবুমিন B. আয়োডিন C. বিলিরুবিন D. ক্যারোটিন [Ans B]
- হৃৎপিণ্ডের ডান অলিন্দের সাথে নিচের কোনটি যুক্ত থাকে? [Ref: আজমল স্যার]
A. সিস্টেমিক মহাধমনি B. পালমোনারি মহাধমনি
C. পালমোনারি শিরা D. উর্ধ্ব ও নিম্ন মহাশিরা [Ans D]
- হৃৎচক্র সম্পন্ন করার সময় নিলয়ের ডায়াস্টোলের স্থিতিকাল- [Ref: আজমল স্যার]
A. ০.৩ সেকেন্ড B. ০.৫ সেকেন্ড
C. ০.৭ সেকেন্ড D. ০.১ সেকেন্ড [Ans B]

- ল্যাকটিয়োল হলো এক ধরনের- [Ref: আজমল স্যার]
A. প্লাজমা B. মনোসাইট C. লসিকা D. বেসোফিল [Ans C]
- কোন রক্তকণিকা দেহে অ্যান্টিবডি তৈরি করে? [Ref: আলীম স্যার]
A. নিউট্রোফিল B. বেসোফিল
C. ইউসিনোফিল D. লিম্ফোসাইট [Ans D]
- রক্ততঞ্চনে কোন ধাতব আয়ন অংশগ্রহণ করে? [Ref: আলীম স্যার]
A. Ca⁺⁺ B. Mg⁺⁺ C. Cu⁺⁺ D. Fe⁺⁺ [Ans A]
- দেহের কোনো অংশ কেটে গেলে রক্ত জমাট বাঁধতে সাহায্য করে কোনটি? [Ref: হাসান স্যার]
A. শ্বেত রক্তকণিকা B. অণুচক্রিকা
C. লোহিত রক্তকণিকা D. হরমোন [Ans B]
- মানুষের লোহিত রক্তকণিকার গড় আয়ু কত দিন? [Ref: হাসান স্যার]
A. ১২০ দিন B. ১১০ দিন C. ৯০ দিন D. ৭৫ দিন [Ans A]
- রক্তরসে পানির পরিমাপ শতকরা কত ভাগ? [Ref: হাসান স্যার]
A. ৫৫% B. ৬৫% C. ৮০% D. ৯০% [Ans D]
- যে সকল রক্তবাহী নালী দেহের বিভিন্ন অংশ থেকে হৃৎপিণ্ডে রক্ত পরিবহণ করে তাকে কী বলে? [Ref: হাসান স্যার]
A. লসিকা নালী B. ধমনি C. মহাধমনি D. শিরা [Ans D]
- নিম্নের কোনটির উপস্থিতির জন্য রক্তের রং লাল হয়? [Ref: হাসান স্যার]
A. ফাইব্রিনোজেন B. গ্লোবিউলিন C. হিমোগ্লোবিন D. হরমোন [Ans C]

17. হৃৎপিণ্ডের যেখানে স্পন্দন প্রবাহ উৎপন্ন হয়- [Ref: মেঘনাদ স্যার]
A. SA নোড B. AV নোড
C. পারকিনজি তন্ত্র D. হিজের বান্ডল [Ans A]
18. নিলয়ের সংকোচনের স্থিতিকাল কত সেকেন্ড? [Ref: মেঘনাদ স্যার]
A. ০.৩ B. ০.০৫
C. ০.২৫ D. ২.৪ [Ans A]
19. সংরক্ষিত ছন্দ নিয়ামক বলা হয় কাকে? [Ref: মেঘনাদ স্যার]
A. SA নোড B. AV নোড
C. পারকিনজি তন্ত্র D. হিজের বান্ডল [Ans B]
20. রক্তবাহিকায় রক্ত তখন ঘটানোর পদ্ধতিকে বলে? [Ref: মেঘনাদ স্যার]
A. প্রোসিস B. আর্টেরিওস্কেরোসিস
C. সায়ানোসিস D. আর্থ্রোস্কেরোসিস [Ans A]
21. সিস্টোলিক, ডায়াস্টোলিক ও নাড়ী রক্তচাপের অনুপাত- [Ref: মেঘনাদ স্যার]
A. ১:২:১ B. ৩:২:১
C. ২:৩:১ D. ৩:১:২ [Ans B]
22. বাইকাসপিড কপাটিকা থাকে- [Ref: মেঘনাদ স্যার]
A. বাম নিলয় ও মহাধমনির ছিদ্র পথে
B. ডান নিলয় ও পালমোনারি ধমনির সংযোগস্থলে
C. বাম অলিন্দ নিলয়ে ছিদ্রের মুখে
D. ডান অলিন্দ-করোনারি সাইনাসের মুখে [Ans C]
23. নিচের কোন তথ্যটি সঠিক? [Ref: পারভীন ম্যাডাম]
A. লিফোসাইট ছোট নিউক্লিয়াসযুক্ত বড় কণিকা
B. গ্র্যানুলোসাইটের একটি প্রকার হল মনোসাইট
C. নিউট্রোফিলের সাইটোপ্লাজমে বর্ণ নিরপেক্ষ দানা রয়েছে
D. বেসোফিলের সাইটোপ্লাজম ক্ষারসক্ত হয়ে লাল হয় [Ans C]
24. হৃৎপিণ্ডের কোন সংযোগী কলাকে পেসমেকার বলে? [Ref: মাজেদা ম্যাডাম]
A. SA নোড B. AV নোড
C. বান্ডল অব হিজ D. পারকিনজি তন্ত্র [Ans A]
25. কোনো ক্ষতস্থানের অণুচক্রিকা ভেঙে কী উপাদানের সৃষ্টি হয়? [Ref: মাজেদা ম্যাডাম]
A. প্রোস্ট্রাস্টিন B. প্রোথ্রোমিন
C. প্রথ্রিন D. ফাইব্রিনোজেন [Ans A]

MCQ

CONCEPT TEST

WRITTEN

01. শিশুর দেহে প্রতি মিলিলিটার রক্তে লোহিত কণিকার সংখ্যা কত (মিলিয়ন)?
A. ৫ B. ৪.৫ C. ৬-৭ D. ৭-৯
02. নিল্লের কোনটি রক্তজমাট বাঁধার উপাদান নয়?
A. ফিব্রিনোজেন B. ক্যালসিয়াম আয়ন
C. প্রোথ্রমিন D. অ্যালবুমিন
03. স্বাভাবিক অবস্থায় মানুষের রক্ততঞ্চলকাল গড়ে কত (মিনিট)?
A. ৪ B. ৮ C. ৬ D. ৭
04. নিল্লের কোনটি শ্বেতকনিকার কাজ নয়?
A. পুষ্টি B. ট্রিফোন সংশ্লেষ
C. আত্মাসন D. ফাইব্রোব্লাস্ট গঠন
05. কে সর্বপ্রথম ওপেন হার্ট সার্জারি প্রয়োগ করেন?
A. Wilson Great batch B. William Chardack
C. Wilfred G. Bigelow D. সবগুলো
06. নিল্লের কোনটির সাহায্যে হৃৎপিণ্ডের রক্তনালীতে কোনো ব্লক আছে কিনা দেখা হয়?
A. করোনারি এনজিওগ্রাম B. MRI C. ইটিটি D. ইসিজি
07. নিল্লের কোন ধমনী পাকস্থলীতে রক্ত সরবরাহ করে?
A. ফ্রেনিক ধমনী B. সিলিয়াক ধমনী
C. মেসেন্টেরিক ধমনী D. ফ্যারিজিয়াল ধমনী
08. কত সালে দেহে স্থাপন যোগ্য পেসমেকার আবিষ্কৃত হয়?
A. ১৯৬১ B. ১৯৬৯ C. ১৯৭৩ D. ১৯৮৯
09. হৃৎপিণ্ডে রক্ত সঞ্চালন সম্পর্কে নিল্লের কোনটি সত্য?
A. ভেনাক্যাভা → ডান নিলয় → পালমোনারী ধমনী
B. ডান অলিন্দ → বাম নিলয় → ফুসফুস
C. পালমোনারী ধমনী → অলিন্দ নিলয় ছিদ্রপথ → ডান অলিন্দ
D. অলিন্দ নিলয় ছিদ্রপথ → অ্যান্ডার্টা → সমগ্র দেহ
10. লিফোসাইটের আয়ুষ্কাল কত (দিন)?
A. ৭-৩০ B. ৫-১০ C. ৩-৫ D. কয়েক ঘণ্টা থেকে এক দিন
11. নিল্লের কোনটি লসিকার কাজ নয়?
A. প্রতিরক্ষা B. অপসারণ C. পুনর্বন্দন D. হেপারিন নিঃসরণ
12. নিল্লের কোনটি সংযোগকারী কলা নয়?
A. AV node B. Bundle of His
C. Purkinje fibers D. Endocardium
13. নিল্লের কোন কনিকা হিস্টামিন ও 5 HT সঞ্চয় করে?
A. RBC B. Platelet
C. Neutrophil D. Lymphocyte
14. কোন রিসেপ্টর রক্তচাপ নিয়ন্ত্রণে সাড়া দেয়?
A. কেমোরিসেপ্টর B. থার্মোরিসেপ্টর
C. ব্যারোরিসেপ্টর D. ব্যারোরিসেপ্টর
15. প্রাপ্তবয়স্ক পূর্ণ স্ত্রী লোকের প্রতি ঘন মি.মি. রক্তে লোহিত কনিকার সংখ্যা কত (মিলিয়ন)?
A. 5.4 B. 4.8 C. 4.5 D. 8.4

OMR SHEET

01. (A) (B) (C) (D)	06. (A) (B) (C) (D)	11. (A) (B) (C) (D)
02. (A) (B) (C) (D)	07. (A) (B) (C) (D)	12. (A) (B) (C) (D)
03. (A) (B) (C) (D)	08. (A) (B) (C) (D)	13. (A) (B) (C) (D)
04. (A) (B) (C) (D)	09. (A) (B) (C) (D)	14. (A) (B) (C) (D)
05. (A) (B) (C) (D)	10. (A) (B) (C) (D)	15. (A) (B) (C) (D)

16. রক্ত কি? রক্তের উপাদানগুলোর নাম লিখ।
উত্তর:
17. রক্তরস/প্লাজমার 5টি কাজ লিখ।
উত্তর:
18. অ্যানিমিয়া ও পলিসাইথেমিয়া বলতে কি বুঝ।
উত্তর:
19. লোহিত রক্ত কণিকা 5টি কাজ লিখ।
উত্তর:
20. ক) ভ্রাম্যমান প্রতিরক্ষাকারী একক বলতে কি বুঝ?
খ) রক্ত জমাট বাধার মূল উপাদানগুলো কি কি?
উত্তর:
21. RBC কে লাল দেখায় কেন?
উত্তর:
22. মানবদেহের কপাটিকাগুলোর নাম ও অবস্থান লিখ।
উত্তর:
23. কার্ডিয়াক চক্র, সিস্টোল ও ডায়াস্টোল বলতে কি বুঝ।
উত্তর:
24. লসিকা/লসিকাতন্ত্র বলতে কি বুঝ।
উত্তর:
25. রক্তের সিরাম বলতে কি বুঝ?
উত্তর:

ANSWER ANALYSIS

প্রশ্ন নং	উত্তর													
	01.C	02.D	03.B	04.A	05.C	06.A	07.B	08.A	09.D	10.D	11.D	12.D	13.B	14.C
16	<p>রক্ত: মানবদেহে রক্তনালিকাসমূহের ভিতর দিয়ে নিরন্তর প্রবহমান লাল বর্ণের অস্বচ্ছ, সামান্য ক্ষারীয়, চটচটে, লবণাক্ত প্রকৃতির তরল যোজক টিস্যুকে (connective tissue) রক্ত বলে।</p> <p>রক্তের উপাদান (Components of Blood):</p> <p>হালকা হলুদ বর্ণের প্রায় ৫৫% যে অংশ থাকে তা রক্তরস বা প্লাজমা (plasma) এবং নিচের গাঢ়তর বাকি ৪৫% অংশ রক্তকণিকার (blood corpuscles)।</p>													
17	<p>রক্তরসের কাজ:</p> <ul style="list-style-type: none"> • প্লাজমা রক্তের তরলতা রক্ষা করে এবং ভাসমান রক্ত কণিকাসহ অন্যান্য দ্রবীভূত পদার্থ দেহের সর্বত্র পরিবাহিত হয়। • পরিপাকের পর খাদ্যসার রক্তরসে দ্রবীভূত হয়ে দেহের বিভিন্ন টিস্যু ও অঙ্গে বাহিত হয়। • টিস্যু থেকে যেসব বর্জ্যপদার্থ বের হয় তা রেচনের জন্য বৃক্ষে নিয়ে যায়। • টিস্যুর অধিকাংশ কার্বন ডাই অক্সাইড রক্তরসে বাইকার্বনেটরূপে দ্রবীভূত থাকে। • অল্প পরিমাণ অক্সিজেন এতে বাহিত হয়। 													
18	<p>অ্যানিমিয়া: প্রতিঘন মিলিমিটার রক্তে লেহিত কণিকার সংখ্যা ৫০ লাখের চেয়ে ২৫% কম হলে রক্তাঙ্গতা (anaemia) দেখা দেয়।</p> <p>পলিসাইথেমিয়া: লোহিত রক্তকণিকার সংখ্যা কোন কারণে ৬৫ লাখের বেশি হলে তাকে পলিসাইথেমিয়া (polycythemia) বলে।</p>													
19	<ul style="list-style-type: none"> • লোহিত রক্তকণিকার হিমোগ্লোবিন ফুসফুস থেকে দেহকোষে অধিকাংশ O_2 এবং সামান্য পরিমাণ CO_2 পরিবহন করে। • রক্তের ঘনত্ব ও সান্দ্রতা (viscosity) রক্ষা করে। • এগুলোর হিমোগ্লোবিন ও অন্যান্য অন্তঃকোষীয় বস্তু বাফাররূপে রক্তে অম্ল-ক্ষারের সাম্য রক্ষা করে। • প্লাজমাঝিল্লিতে অ্যান্টিজেন প্রোটিন সংযুক্ত থাকে যা মানুষের রক্ত গ্রুপিংয়ের জন্য দায়ী। • এসব কণিকা রক্তে বিলিরুবিন ও বিলিভার্ডিন উৎপন্ন করে। 													
20	<p>(ক) শ্বেত রক্তকণিকাকে দেহের ভ্রাম্যমান প্রতিরক্ষাকারী একক (Mobile defensive unit) বলে। কারণ এগুলো ফ্যাগোসাইটোসিস প্রক্রিয়ায় জীবাণু ধ্বংস করে। খ) রক্তরসে অবস্থিত ১৩টি ভিন্ন ভিন্ন ক্লটিং ফ্যাক্টর (clotting factor) রক্ত তঞ্চনে অংশ নেয়। এর মধ্যে অতি গুরুত্বপূর্ণ ৪টি ফ্যাক্টর হলো: (i) ফ্রাইব্রিনোজেন, (ii) প্রোথ্রম্বিন, (iii) প্রম্বোপ্লাস্টিন ও (iv) Ca^{++}। এগুলোর ধারাবাহিক কার্যকারিতার ফলে ক্ষতস্থানে রক্ত জমাট বাঁধে।</p>													
21	<p>প্রতিটি হিমোগ্লোবিন অণু হিম (Heme) নামক লৌহ ধারণকারী রঞ্জক (Pigment) এবং গ্লোবিন (Globin) নামক প্রোটিন সমন্বয়ে গঠিত। প্রতি ১০০ মিলিলিটার রক্তে প্রায় ১৬ গ্রাম হিমোগ্লোবিন থাকে। হিমোগ্লোবিনের চারটি পলিপেপটাইড চেইনের সাথে একটি হিম গ্রুপ যুক্ত থাকে। হিম গ্রুপের জন্যই রক্ত লাল হয়।</p>													
22	<p>হৃৎপিণ্ড ছয়টি কপাটিকার মাধ্যমে রক্ত প্রবাহের গতিপথ নির্দেশ করে:</p> <ol style="list-style-type: none"> ট্রাইকাস্পিড কপাটিকা: ডান অট্রিয়াম ও ডান ভেন্ট্রিকলের মাঝে অবস্থিত। বাইকাস্পিড/মাইট্রাল কপাটিকা: বাম অট্রিয়াম ও বাম ভেন্ট্রিকলের মাঝে অবস্থিত। পালমোনারি সেমিলুনার কপাটিকা: ডান ভেন্ট্রিকল এবং পালমোনারি ধমনির মাঝে অবস্থিত। অ্যাওর্টিক সেমিলুনার কপাটিকা: অ্যাওর্টা এবং বাম ভেন্ট্রিকলের মাঝে অবস্থিত। ইউস্টেশিয়ান কপাটিকা: ইনফিরিওর ভ্যানাক্যাভা ও ডান অট্রিয়ামের সংযোগ স্থলে থাকে। থিবেসিয়ান কপাটিকা: করোনারি সাইনাস ও ডান অট্রিয়ামের সংযোগ স্থলে থাকে। 													
23	<p>কার্ডিয়াক চক্র: প্রতি হৃৎস্পন্দন সম্পন্ন করতে সিস্টোল ও ডায়াস্টোলের যে চক্রাকার ঘটনাবলি অনুসৃত হয় তাকে কার্ডিয়াক চক্র বলে।</p> <p>সিস্টোল: হৃৎপিণ্ডের প্রকোষ্ঠগুলোর সংকোচনকে সিস্টোল (Systole) বলে।</p> <p>ডায়াস্টোল: হৃৎপিণ্ডের প্রকোষ্ঠগুলোর প্রসারণকে ডায়াস্টোল (Diastole) বলে।</p>													
24	<p>লসিকা: লসিকানালি ও লসিকাগ্রন্থিতে অবস্থিত যে স্বচ্ছ, ঈষৎ হলুদ, ক্ষারীয় পরিবর্তিত টিস্যুরস কোষে পুষ্টিদ্রব্য সরবরাহ করে এবং দেহের প্রতিরক্ষামূলক কাজে অংশ নেয় তাকে লসিকা বা লিম্ফ বলে।</p> <p>লসিকাতন্ত্র: যে তন্ত্রের মাধ্যমে সমগ্র দেহে লসিকা রস প্রবাহিত হয় তাকে লসিকাতন্ত্র বলে। লসিকানালি ও লসিকাপর্ব বা লসিকাগ্রন্থির সমন্বয়ে গঠিত।</p>													
25	<p>জমাট বাঁধা রক্ত থেকে যে হালকা হলুদ বর্ণের তরল জলীয় অংশ বেরিয়ে আসে তাকে রক্তের সিরাম (Serum) বলে। সিরাম বস্তুতপক্ষে রক্তরস, তবে এতে ফাইব্রিনোজেন ও তঞ্চল ফ্যাক্টর II, V ও VII থাকে না।</p>													

“একের রক্ত অন্যের জীবন, রক্তই হোক আত্মার বাঁধন।” -বাঁধন (রক্তদাতাদের সংগঠন)